
# সারাদেশে বইমেলা আয়োজনের নির্দেশ প্রধানমন্ত্রীর




প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

অমর একুশে বইমেলাকে শুধু রাজধানীকেন্দ্রিক না রেখে দেশের সব জেলায় ছড়িয়ে দেওয়ার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান।

বৃহস্পতিবার (২৬ ফেব্রুয়ারি) বিকেলে রাজধানীর বাংলা একাডেমি প্রাঙ্গণে 'বহুমাত্রিক বাংলাদেশ' প্রতিপাদ্যে আয়োজিত বইমেলার উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এ কথা বলেন।

তিনি জানান, বইমেলা শুধু কেনাবেচার আয়োজন নয়; এটি শিক্ষা, জ্ঞানচর্চা ও সংস্কৃতির বিকাশের একটি বড় ক্ষেত্র। এই আয়োজনকে এমনভাবে গড়ে তুলতে হবে, যাতে নতুন প্রজন্ম বইয়ের সঙ্গে গভীরভাবে যুক্ত হয়। একই সঙ্গে বাংলাভাষাকে জাতিসংঘের দাপ্তরিক ভাষা হিসেবে স্বীকৃতি পেতে উদ্যোগ নেওয়ার প্রয়োজনীয়তার কথাও তুলে ধরেন তিনি।

প্রধানমন্ত্রী বলেন, নিরাপদ ও মানবিক রাষ্ট্র গঠনে সাংস্কৃতিক চর্চার বিকল্প নেই। এ লক্ষ্যে সমাজের সব স্তরের মানুষের সম্মিলিত সহযোগিতা দরকার।

তরুণদের মধ্যে বাড়তে থাকা ইন্টারনেট নির্ভরতার কারণে বইপড়ার অভ্যাস কমে যাচ্ছে বলেও মন্তব্য করেন তিনি। এ প্রবণতা কাটাতে পরিবার ও শিক্ষাপ্রতিষ্ঠানকে সচেতন ভূমিকা নেওয়ার আহ্বান জানান।

LENS ASIA

অনুষ্ঠানে এ বছরের বাংলা একাডেমি সাহিত্য পদকপ্রাপ্তদের হাতে পুরস্কার তুলে দেন প্রধানমন্ত্রী।